গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

তথ্যবিবরণী নম্বর-১৫৩

জাতীয় আইনগত সহায়তা দিবস সফল হউক

ময়মনসিংহ (শনিবার, ২৬ এপ্রিল ২০২৫)

"দ্বন্দ্বে কোনো আনন্দ নাই, আপস করো ভাই, লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই" প্রতিপাদ্য এ আগামী ২৮ এপ্রিল সোমবার অনুষ্ঠিত হতে যাচ্ছে জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৫।

সারা দেশের ন্যায় ময়মনসিংহেও জেলা লিগ্যাল এইড অফিসের উদ্যোগে জেলা লিগ্যাল এইড কমিটি দ্বারা যথাযথ মর্যাদায় দিবসটি উদযাপিত হতে যাচ্ছে। অনুষ্ঠিতব্য দিবসটির প্রারম্ভে সকাল ০৮ টায় জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণ থেকে কর্মসূচির উদ্বোধন। জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণ হতে পূর্ব নির্ধারিত সময় ৮:৩০ টায় শুরু হয়ে নতুন বাজার মোড় হয়ে একটি বর্ণাঢ্য র‍্যালি এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়াম টাউন হল গিয়ে শেষ হবে। র‍্যালি শেষে এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে বিভিন্ন শ্রেণি পেশার ব্যক্তিবর্গের সমাবেশে আলোচনা সভা সকাল ৯:৩০ টায়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার পেতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণের মধ্যে আইনগত সহায়তা প্রদান কার্যক্রম সম্পর্কে প্রচার ও সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে ২৮ এপ্রিল- কে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' হিসেবে ঘোষণা করেছেন।

উল্লেখ্য, ময়মনসিংহ জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ জনাব মোঃ জাকির হোসেন মহোদয়ের নেতৃত্বে এবং সদস্য সচিব, জেলা লিগ্যাল এইড অফিসার [সিনিয়র সহকারী জজ] সুদীপ্ত তালুকদার এর সহযোগিতায় দিবসটির কর্মসূচি পালিত হবে।

#

মনির/জামান/মাসুদ/রিদওয়ান/মোস্তফা/রেজভী /২০২৫/১৪:৩০ ঘন্টা